# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

**ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ**

বিআরপিডি সার্কুলার লেটার নং-২৩

তারিখ: ২০ জুলাই ২০২৩ / ০৫ শ্রাবণ ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**"জাতীয় শোক দিবস ২০২৩" পালন উপলক্ষ্যে গৃহীতব্য কর্মসূচি বাস্তবায়ন প্রসঙ্গে।**

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদৎ বার্ষিকীতে "জাতীয় শোক দিবস ২০২৩" পালন উপলক্ষ্যে নিম্নোক্ত কর্মসূচিসমূহ বাস্তবায়নের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো:

ক) ১৫ আগস্ট ২০২৩ তারিখে ব্যাংক ভবনসমূহে (নিজস্ব/ভাড়া) জাতীয় পতাকা অর্ধনমিত রাখা;
খ) ০১ আগস্ট ২০২৩ তারিখ হতে মাসব্যাপী কালো ব্যাজ ধারণ;
গ) ব্যাংক ভবনসমূহে (নিজস্ব/ভাড়া) জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বিশেষ ব্যানার/ফেস্টুন স্থাপন এবং ১৫ আগস্ট ২০২৩ তারিখে শ্রদ্ধা নিবেদন;
ঘ) ব্যাংকের পরিচালনা পর্ষদের সভায় জাতীয় শোক দিবস পালনের বিষয় আলোচ্যসূচীতে অন্তর্ভুক্ত করে গুরুত্বসহকারে আলোচনাপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
ঙ) বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপরে ১৫ আগস্ট ২০২৩ তারিখ বা সুবিধাজনক তারিখ ও সময়ে আলোচনা সভার আয়োজন;
চ) স্বীয় প্রতিষ্ঠানের সক্ষমতা বিবেচনাপূর্বক অসহায় ও দরিদ্রদের মাঝে মানবিক সহায়তা/খাদ্য সহায়তা সামগ্রী প্রদান;
ছ) ব্যাংকের নিজস্ব কর্মপরিকল্পনা অনুযায়ী নিজ কার্যালয়ে বা সুবিধাজনক স্থানে বৃক্ষরোপণ ও তা সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং বৃক্ষরোপণের আহবান জানিয়ে গ্রাহকদের মোবাইল ফোনে ক্ষুদে বার্তা প্রেরণ;
জ) নিজস্ব ডিজিটাল ডিসপ্লে বোর্ড থাকলে সেখানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর নির্মিত প্রামাণ্যচিত্র/ভাষণ প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ; এবং
ঝ) আয়োজিত সকল অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ করত তা ব্যাংকের নিজস্ব ওয়েবসাইটে প্রদর্শন নিশ্চিত করতে হবে।

২। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০২৫২